

প্রেস বিজ্ঞপ্তি

নবনিযুক্ত জেলা প্রশাসকগণের জন্য প্রথমবারের মত ওরিয়েন্টেশন কোর্স


ঢাকা, ২০/০৬/২০১৫ঃ

নবনিযুক্ত জেলা প্রশাসকগণের জন্য প্রথমবারের মত ওরিয়েন্টেশন কোর্স ঢাকায় বিসিএস প্রশাসন একাডেমিতে অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসকের দায়িত্ব ও কর্তব্য বিষয়ক ৪ দিনব্যাপী এ প্রশিক্ষণে জেলা প্রশাসক হিসেবে সদ্য পদায়নকৃত ১৭ কর্মকর্তা অংশগ্রহণ করেন। আজ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রতিমন্ত্রী তাঁর বক্তৃতায় জনপ্রতিনিধি ও স্থানীয় জনগণকে জেলার উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্ত করে জেলা প্রশাসকগণকে পেশাগত দৃষ্টিভঙ্গি নিয়ে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান।

ইসমাত আরা সাদেক বলেন, দেশের জনগণ এখন দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রত্যাশা করে। এক্ষেত্রে জেলা প্রশাসনের দায়িত্ব সঠিকভাবে পালনের ওপর সরকারের সফলতা অনেকাংশে নির্ভরশীল। তাই সরকারের উন্নয়ন ও সেবা জনগণের দোর গোড়ায় অত্যন্ত দক্ষতা ও আন্তরিকতার সাথে পৌঁছে দিতে হবে।

বিসিএস প্রশাসন একাডেমির রেষ্টর মোঃ সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী বক্তৃতা করেন।।



মোঃ তৌহিদুল ইসলাম

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবাঃ ০১৭১৮-৫৪৩৬২৫